

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রাণিসম্পদ দপ্তর  
পিরোজপুর।  
[www.dls.pirojpur.gov.bd](http://www.dls.pirojpur.gov.bd)

জেলা প্রাণিসম্পদ দপ্তর, পিরোজপুর এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী-৫ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের  
লক্ষ্যে সেপ্টেম্বর/২০২২খ্রি. মাসের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : ডাঃ তরুন কুমার সিকদার, জেলা প্রাণিসম্পদ অফিসার, পিরোজপুর।  
স্থান : জেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়, পিরোজপুর।  
তারিখ ও সময় : ১২ সেপ্টেম্বর/২০২২, সোমবার, সকাল- ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমোদিতক্রমে সদস্য সচিব ডাঃ নীরোধ বরন জয়ধর, জেলা ট্রেনিং অফিসার ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জেলা প্রাণিসম্পদ দপ্তর, পিরোজপুর ২০২২-২০২৩ অর্থ বছরের “জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা” বাস্তবায়নের লক্ষ্যে আলোচ্য বিষয় সভায় উপস্থাপন করেন। সভাপতি উপস্থাপিত আলোচ্যসূচী অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী-৫ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে কর্মকর্তা- কর্মচারীদের মধ্যে নৈতিকতার মনোভাব নিয়ে সেবা গৃহীতার সেবা প্রদানের জন্য বলেন। সেবা গৃহীতার সাথে ভাল ব্যবহার করে তাদের কাজ দ্রুততারসাথে সম্পাদন করার জন্য বলেন। কোন সেবা গৃহীতা যেন অত্র দপ্তরের কোন কর্মকর্তা-কর্মচারীর ব্যবহারে মনে কষ্ট না পান সে বিষয় সজগ থাকার জন্য বলেন। সভায় আলোচনা সমাপনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্তঃ-

সর্বোচ্চ নৈতিকতা বজায় রেখে সেবাগৃহীতাদের সেবা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

(ডাঃ তরুন কুমার সিকদার)  
জেলা প্রাণিসম্পদ অফিসার  
পিরোজপুর।

ফোন নম্বর-০২৪৭৮৮৯০৪৩০

[dlopirojpur@dls.gov.bd](mailto:dlopirojpur@dls.gov.bd)

তারিখঃ ১২/৯/২২ খ্রি.

স্মারক নং-৩৩.০১.৭৯০০.০০০.০৬.০২৩.২১-

সদয় অবগতি ও অবগরিত জন্য অনুলিপিঃ-

১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

২-৩। জনাব.....সদস্য, নৈতিকতা কমিটি, জেলা প্রাণিসম্পদ দপ্তর, পিরোজপুর।

৪। অফিস কপি।